

সোয়াদ | ص | ০০d

আয়াতঃ ৩৮ : ৮৮

আরবি মূল আয়াত:

وَلَتَعْلَمَنَّ نَبَاهُ بَعْدَ حِينٍ ﴿٨٨﴾

অনুবাদসমূহ:

আর অল্পকাল পরে তুমি অবশ্যই এর সংবাদ জানবে। — আল-বায়ান

কিছুকাল পরেই এর সংবাদ তোমরা অবশ্য অবশ্যই জানতে পারবে। — তাইসিরুল

এর সংবাদ তোমরা অবশ্যই জানবে, কিছুকাল পরে। — মুজিবুর রহমান

And you will surely know [the truth of] its information after a time." — Sahih International

৮৮. আর এর সংবাদ তোমরা অবশ্যই জানবে, কিছুদিন পরে। (১)

(১) অর্থাৎ তোমাদের মধ্যে যারা জীবিত থাকবে তারা কয়েক বছরের মধ্যে স্বচক্ষে দেখে নেবে। আমি যা বলছি তা সঠিক প্রমাণিত হবেই। আর যারা মরে যাবে তারা মৃত্যুর দুয়ার অতিক্রম করার পরপরই জানতে পারবে, আমি যা কিছু বলছি তা-ই প্রকৃত সত্য। [দেখুন: তাবারী, ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৮৮) এর সংবাদের সত্যতা তোমরা কিছুকাল পরে অবশ্যই জানতে পারবে।' [1]

[1] অর্থাৎ, কুরআন যে সকল বস্তুর সংবাদ ও বর্ণনা দিয়েছে, যে পুরস্কার ও তিরস্কারের কথা বলেছে, তার সত্যতা অতি সত্ত্বর তোমাদের সামনে এসে যাবে। সুতরাং তার কিছু সংবাদের সত্যতা বদর ও মক্কা বিজয়ের দিন প্রকাশ পেয়েছে। অথবা মৃত্যুর সময় সকলের কাছে তা প্রকাশ হয়ে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4058>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন